

বিক্রি হচ্ছে ভুয়া আইফোন ৬!

আপডেট: ২০:০৭, জুলাই ১৭, ২০১৪



নতুন আইফোন বাজারে আসবে কি না, তা নিশ্চিত করেনি অ্যাপল। অথচ চীনের বাজারে আইফোন ৬ নামে স্মার্টফোন বিক্রি শুরু হয়ে গেছে।

চীনের মাইক্রোলুগিং ওয়েবসাইট ওয়েবু ব্যবহারকারীরা অনলাইন কেনাকাটার ওয়েবসাইট টাওবাওতে বেশ কয়েকটি ভুয়া মডেলের নতুন আইফোন দেখার কথা জানিয়েছেন। ডেইলি মেইল- এর এক খবরে এ তথ্য জানানো হয়েছে।

ভুয়া এই আইফোন ৬ মডেলের হার্ডওয়্যারের সঙ্গে অবশ্য অ্যাপলের নতুন আইফোন নিয়ে প্রকাশিত বিভিন্ন গুজবের মিল রয়েছে। অবশ্য প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, ভুয়া এই আইফোন ৬ মডেলের হার্ডওয়্যার উন্নত হলেও সফটওয়্যারের ক্ষেত্রে অ্যান্ড্রয়েডের বিশেষ সংস্করণ ব্যবহার করা হয়েছে।



টাওবাও

ওয়েবসাইটে আইফোন ৬ বিক্রি হচ্ছে চীনের টাওবাও ওয়েবসাইটে ভুয়া এই আইফোনের দাম

দেখানো হয়েছে ১৯৯ ইয়েন বা ৩২ মার্কিন ডলার।

অ্যাপলের নতুন আইফোন নিয়ে বরাবরই প্রযুক্তিবিষয়ক বিভিন্ন ওয়েবসাইটে নানা গুজব থাকে। এবার আইফোন ছয় ঘিরেও তার কমতি নেই। আইফোন ৬ ঘিরে যেসব গুজব চাউর হয়েছে তার মধ্যে রয়েছে স্যাফায়ার ডিসপ্লে ও কর্নিংয়ের গোরিলা গ্লাস থাকবে এতে। এবার ৪ দশমিক ৭ ও ৫ দশমিক ৫ ইঞ্চি মাপের দুটি মডেলের আইফোন ৬ বাজারে আসবে।

আইফোন ৬- এর ব্যাটারিতে থাকবে দীর্ঘস্থায়ী চার্জ ধরে রাখার প্রযুক্তি। পরবর্তী এ সংস্করণটির নাম নিয়েও রয়েছে আলোচনা। একে আইফোন এয়ারও বলা হচ্ছে। অ্যাপল কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে কোনো তথ্য প্রকাশ না করলেও নতুন আইফোন বাজারে আসার তারিখ ও দাম গুজব হিসেবে বিভিন্ন ওয়েবসাইটে দেখা যাচ্ছে। নতুন আইফোন বাজারে আসার সম্ভাব্য তারিখ হচ্ছে এ বছরের ১৫ সেপ্টেম্বর।